



সাধারণ বীমা কর্পোরেশন

SADHARAN BIMA CORPORATION

প্রশাসন বিভাগ, প্রধান কার্যালয়, ৩৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।

সূত্র নং- সাবীক/প্রশাঃ/প্রঃকাঃ/২০১৭/২৭৪৬.

তারিখঃ ২০-১১-২০১৭

আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের জন্য উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি


অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-এর আওতাধীন সাধারণ বীমা কর্পোরেশনে ০১ (এক) বছরের মেয়াদকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সাকুল্যে বেতনে আউটসোর্সিং নীতিমালা ২০০৮ অনুসরণপূর্বক জনবলের সেবা গ্রহণের নিমিত্তে নিম্নে বর্ণিত পদ ও গ্রেডে সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠানের নিকট থেকে দরপত্র আহবান করা যাচ্ছে :

ক্রমিক নং	পদের নাম ও গ্রেড	মাসিক সাকুল্যে বেতন	পদ সংখ্যা	বয়স সীমা	যে জেলাসমূহে জনবল নিয়োজিত থাকবে	যোগ্যতা ও অভিজ্ঞতা
০১।	সহকারী নিরাপত্তা তদারককারী (গ্রেড-১৬)	ঢাকা মেট্রো এলাকার জন্য ১৭,০৪৫/- এবং অন্যান্য জেলা শহরের জন্য ১৬,১১৫/-	০২ (দুই) জন	১৮ থেকে ৬০ বছর	ঢাকা ও চট্টগ্রাম	নূন্যতম এস.এস.সি পাশ/সমমান
০২।	নিরাপত্তা প্রহরী (গ্রেড-২০)	ঢাকা মেট্রো এলাকার জন্য ১৫,৫৫০/- এবং জেলা শহরের জন্য ১৪,৯৫০/-	৬১ (একষষ্টি) জন	১৮ থেকে ৬০ বছর	ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, নারায়ণগঞ্জ, কুমিল্লা, সিলেট, ময়মনসিংহ ও বগুড়া।	নূন্যতম অষ্টম শ্রেণী পাশ/সমমান
০৩।	বাঁড়ুদার (গ্রেড-২০)	ঢাকা মেট্রো এলাকার জন্য ১৫,৫৫০/- এবং জেলা শহরের জন্য ১৪,৯৫০/-	২৮ (আঠাশ) জন	১৮ থেকে ৬০ বছর	ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, নারায়ণগঞ্জ, কুমিল্লা, সিলেট, ময়মনসিংহ ও বগুড়া।	নূন্যতম অষ্টম শ্রেণী পাশ/সমমান

শর্তাবলী :

১. দরপত্রে অংশগ্রহণের জন্য আগ্রহী প্রতিষ্ঠানকে নিজস্ব প্যাডে সীলগালা অবস্থায় জেনারেল ম্যানেজার (দায়-গ্রহণ) ও চেয়ারম্যান, দরপত্র মূল্যায়ন কমিটি, সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয় (১০ম তলা), ৩৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০-কে সম্বোধন করে দর প্রস্তাব তৈরী করতে হবে এবং সিডিউলে বর্ণিত ছক মোতাবেক 'দর' উল্লেখ করতে হবে।
২. আগ্রহী প্রতিষ্ঠানকে জয়েন্টস্টক কোম্পানীর সনদপত্র দাখিল করতে হবে। তবে যে সকল প্রতিষ্ঠানের নামের শেষে 'লিঃ' শব্দটি ব্যবহৃত হয় না, সে সকল প্রতিষ্ঠানকে সিকিউরিটি এসোসিয়েশনের সনদপত্র দাখিল করতে হবে।
৩. আগ্রহী প্রতিষ্ঠানকে হালনাগাদ (২০১৭-২০১৮) ট্রেড লাইসেন্স দাখিল করতে হবে। ট্রেড লাইসেন্সে 'আউট সোর্সিং জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান' উল্লেখ থাকতে হবে।
৪. দরদাতা প্রতিষ্ঠানকে সমপ্রকৃতির কাজে জনবল সরবরাহের কমপক্ষে ১০ (দশ) বছরের পূর্ব অভিজ্ঞতা/কার্যাদেশ দাখিল করতে হবে।
৫. দরদাতা প্রতিষ্ঠানকে কমপক্ষে ০৫ (পাঁচ) টি সরকারি প্রতিষ্ঠানে জনবল সরবরাহের অভিজ্ঞতা/কার্যাদেশ দাখিল করতে হবে।
৬. দরদাতা প্রতিষ্ঠানকে ভ্যাট রেজিস্ট্রেশন সনদ ও হালনাগাদ আয়কর পরিশোধের সনদ দাখিল করতে হবে।
৭. "কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর" কর্তৃক প্রদত্ত আউটসোর্সিং সেবাদানকারী ঠিকাদার লাইসেন্স এর কপি দাখিল করতে হবে।
৮. হালনাগাদকৃত ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট দাখিল করতে হবে। ইহাতে কমপক্ষে ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকার লিকুইড এ্যাসেট/ওয়ার্কিং ক্যাপিটাল থাকতে হবে।
৯. দরপত্রে সার্ভিস চার্জ ৫% এর উর্ধ্বে উল্লেখ থাকতে হবে।
১০. দরপত্র সিডিউল বিক্রয়ের সময়সীমা : বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ১১-১২-২০১৭ তারিখ বিকাল ০৬.০০ ঘটিকা পর্যন্ত।
১১. দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময়সীমা : ১২-১২-২০১৭ তারিখ দুপুর ১২.৩০ ঘটিকা পর্যন্ত।
১২. দরপত্র বাস্তব খোলার সময় ও স্থান : ১২-১২-২০১৭ তারিখ বিকাল ০৩.৩০ ঘটিকায় জেনারেল ম্যানেজার (দায়গ্রহণ) সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয় (১০ম তলা), ৩৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০-এর অফিস কক্ষে দরপত্র বাস্তব খোলা হবে।
১৩. দরপত্র সিডিউল বিক্রির অফিসের নাম ও ঠিকানা সমূহ :
ক) কেন্দ্রীয় হিসাব রক্ষণ বিভাগ, সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ৩৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।
খ) সাধারণ বীমা কর্পোরেশন, শাখা নং-০১, ১৩৯, মতিঝিল বা/এ (২য় তলা), ঢাকা-১০০০।
গ) বিভাগীয় কমিশনার, ঢাকা-এর কার্যালয়, ১ম ১২ তলা সরকারী ভবনের ২য় তলা, সেগুন বাগিচা, ঢাকা। (সময়-সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত)
১৪. দরপত্র গ্রহণের জন্য অফিসের নাম ও ঠিকানা সমূহ :
ক) জেনারেল ম্যানেজার (দায়গ্রহণ), সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয় (১০ম তলা), ৩৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।
খ) সাধারণ বীমা কর্পোরেশন, শাখা নং-০১, ১৩৯, মতিঝিল বা/এ (২য় তলা), ঢাকা-১০০০।
গ) বিভাগীয় কমিশনার, ঢাকা-এর কার্যালয়, ১ম ১২ তলা সরকারী ভবনের ২য় তলা, সেগুন বাগিচা, ঢাকা। (সময়-সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত)
১৫. দরপত্র দলিলের সাথে সিডিউলে বর্ণিত লট নং-০১ এর জন্য টাঃ ৩,০০,০০০/= (তিন লক্ষ) এবং লট নং-০২ এর জন্য টাঃ ২,০০,০০০/= (দুই লক্ষ) যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে নিরাপত্তা জামানত (ফেরৎযোগ্য) সাধারণ বীমা কর্পোরেশন- এর অনুকূলে জমা দিতে হবে।
১৬. একই প্রতিষ্ঠান নিরাপত্তা প্রহরী ও বাঁড়ুদার উভয় পদের জন্য আবেদন করতে চাইলে আলাদা খামে আবেদন করতে হবে এবং তাঁদের মূল্যায়ন আলাদাভাবে হবে।
১৭. অন্যান্য বিস্তারিত শর্তাদি/তথ্যাদি দরপত্র সিডিউলে বর্ণিত আছে।
১৮. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল দর প্রস্তাব গ্রহণ, বাতিল অথবা জনবল সংগ্রহ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

সম্পদের বীমা করুন-নিরাপদে থাকুন


(মোঃ নাজিম উদ্দিন)
ম্যানেজার (প্রশাসন)
ফোনঃ ৯৫৬১২৮৪